



প্রতিদিনের সংবাদ

প্রতিদিনের সংবাদ, ১০-১২-২০২৩, পৃষ্ঠা- ১১

ইস্ট ওয়েস্টে তিন দিনব্যাপী আন্তর্জাতিক সম্মেলন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে ৮ থেকে ১০ ডিসেম্বর তিন দিনব্যাপী 'ওয়েবমেট্রিক্স, ইনফরমেট্রিক্স এবং সায়েন্টমেট্রিক্স' এর ওপর ১৭তম আন্তর্জাতিক সম্মেলন শুরু হয়েছে। 'কোলনেট সোসাইটি ফর লাইব্রেরি প্রফেশনালস' এবং স্পেশাল লাইব্রেরি অ্যাসোসিয়েশন, এশিয়া কমিউনিটি' এর সহযোগিতায় সম্মেলনটি আয়োজন করা হয়। সম্মেলনের উদ্বোধনী বিশ্ববিদ্যালয়ের 'মঞ্জুর এলাহী' অভিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন, সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা সৈয়দ মঞ্জুর এলাহী।

স্বাগত বক্তব্য দেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক শামস রহমান। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জার্মানির টেকনিশে ইউনিভার্সিটির তথ্য ও জ্ঞান ব্যবস্থাপনা বিভাগের সিনিয়র গবেষক ডক্টর বার্ত মার্কশেফেল। সেশনে মূল প্রবন্ধ উপস্থাপন



করেন চীনের ডালিয়ান ইউনিভার্সিটি অব টেকনোলজি এবং ফ্রান্সের স্ট্রাসবার্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জিন-চার্লস ল্যামিরেল। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ইনফরমেশন স্ট্যাডিজ বিভাগের চেয়ারপারসন এবং গ্রন্থাগারিক (ইনচার্জ) ড. দিলারা বেগম। সংবাদ বিজ্ঞপ্তি।